# জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ খায়রুল আলম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>বিরামপুর, দিনাজপুর। |
| তারিখ | ঃ | ২৪.০১.২০২৪খ্রি. |
| সময় | ঃ | দুপুর ১১.৩০ ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট ’ক’ ও ’খ’

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর সভার শুরুতেই উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে এবং আগামী ৭ জানুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হওয়ায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

ডিসেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ডিসেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে ডিসেম্বর ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>বিভাগীয় আলোচনা</u>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিরামপুর, দিনাজপুরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বোরো মৌসুম চলছে। ধান ও চালের লক্ষ্যমাত্রার প্রায় অর্ধেক বিরামপুর উপজেলায় উৎপাদিত হয়। সেচের প্রয়োজনে নিরবিচ্ছিন্ন বিদুৎ সরবরাহ করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি জানান আলু ও সরিষা কর্তন চলছে। ফলন ভাল হবে বলে তিনি আশা করছেন। তিনি সেচযন্ত্র চালু রাখার এবং পানির রেট নির্ধারণ করার জন্য বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA)-কে অনুরোধ জানান। পর্যাপ্ত সার মজুদ আছে সারের কোন সমস্যা নেই মর্মে তিনি সভায় অবহিত করেন।<br>এ প্রসঙ্গে চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বিসিআইসি'র ডিলারের নিকট পর্যাপ্ত পটাস পাওয়া যাচ্ছে না। বাহির থেকে ক্রয় করলে ১৪০০/১৫০০ টাকা টাকা লাগছে। অথচ বিসিঅইসি'র ডিলারের নিকট থেকে নিলে ১১৭০/- টাকা বস্তা পাওয়া যায়। তিন ফসলী জমি হওয়ার কারণে তিনি সারের বরাদ্দ বৃদ্ধি করার জন্য অনুরোধ করেন। বিনাইল ইউনিয়নে বিসিসি'র ডিলার একজন। সংখ্যা বেশী এবং এখন সরিষা ও আলুর চাষ বৃদ্ধি পাওয়ায় তিনি ডিলারের সংখ্যা বাড়ানোর জন্য অনুরোধ করেন। খাদ্য মজুদদারদের বিরুদ্ধে মোবাইল কোর্ট করার জন্য অনুরোধ জানান।<br>এ পর্যায়ে উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, বিরামপুর উপজেলায় সারের চাহিদা ৩৪.০০০মঃটঃ। বরাদ্দ পাওয়া যায় ১১.০০০মেঃটঃ। কৃষক ফসল অনুয়ায়ী সারের ব্যবহার না জানার কারণে সার বেশী লাগছে। পরিমান সম্পর্কে বলা সত্তেও তারা সার বেশী ব্যবহার করেন। নিরাপদ সবজির জন্য জৈব সার প্রয়োজন। কিন্তু পর্যাপ্ত জৈব সার না থাকার কারণে রাসায়নিক সার ব্যবহার করতে হয়। কেন্দ্রীয়ভাবে ডিলার নিয়ুক্ত করাসহ সারের বরাদ্দ দেয়া হয়। BADC'র ডিলার আছে কিন্তু দোকান খোলে না বলে চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ জানান। দোকান বন্ধ থাকলে কৃষি অফিসারকে জানানোর জন্য অনুরোধ করা হয়।<br>সার বিষয়ের আলোচনায় যোগ দিয়ে চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ জানান যে, তার ইউনিয়নে ২টি সারের দোকান থাকার কথা থাকলেও প্রকৃতপক্ষে কোন দোকান নেই। গত বছর বিষয়টি অবহিত করা হয়েছিল। মিজানুরের নামে সাইন বোর্ড থাকলেও তাদের কোন দোকান নেই। আশরাফুলের দোকান থেকে সার বিক্রয় করেন। উপজেলা কৃষি অফিসার জানান যে, এ কারণে ডিলারকে কারণ দর্শানো হয়েছে। তাদের জানামতে এখন দোকানটি নিয়মিত খোলা হয়।<br>এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জানতে চান দোকান খোলা না রাখলে লাইসেন্স বাতিল করা যাবে কি-না? তিনি এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। সার নির্ধারিত দোকান থেকে অবশ্যই বিক্রয় করতে হবে এবং যে কোন বিতরণে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে জানাতে হবে। নির্দিষ্ট স্থানের দোকানের চেয়ে বাজারে বেশী বিক্রয় হওয়ার কারণে তারা পূর্ব হতেই এভাবেই বিক্রয় করে আসছে মর্মে উপজেলা কৃষি অফিসার সভায় উল্লেখ করেন। চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বলেন যে, নির্ধারিত দোকান থেকে সার গ্রহণের জন্য মাইকিং করা যাবে কি-না। আরও যাচাই করে জানানোর জন্য তিনি উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করেন।<br>এ পর্যায়ে মেয়র, বিরামপুর পৌরসভা বলেন যে, নির্দিষ্ট দোকানে সার মজুদ করতে হবে এবং রেজিস্টারে তা লিপিবদ্ধ করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. লক্ষ্যমাত্রা অর্জনে মনিটরিং বৃদ্ধি করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি (RMO) সভায় জানান যে, হাসপাতালের স্বাভাবিক কার্যকম সুষ্ঠুভাবে চলছে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার অসুস্থ্য থাকায় আজ আসতে পারেননি। সর্দি, কাশি ও ডায়রিয়া নিয়ে গত মাসে ৮৪ জন রোগী ভর্তি হয়েছিল। নিমুউনিয়া রোগীর সংখ্যা বেশী। নরমাল ডেলিভারী হয়েছে ৮০ জন প্রসূতি মায়ের। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | তিনি আরও জানান যে, হাসপাতালের ২০২৩-২০২৪ অর্থ বছরের এমএসআর টেন্ডার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।<br>মেয়র, বিরামপুর পৌরসভা সভায় উল্লেখ করেন যে, খাবার বিতরণকারিনী অপরিচ্ছন্ন বস্ত্র পরিধান করে রোগীদের মাঝে খাবার বিতরণ করছেন। যা কাম্য নয়। এ বিষয়ে মনিটরিং বৃদ্ধি করার জন্য তিনি অনুরোধ করেন।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি (RMO)সভায় বলেন যে, VIP ক্যাবিনে পানির সমস্যা রয়েছে। COVID-19 এর পর কোন সংস্কার করা হয়নি। তিনি আরও জানান যে, এখন টেলি চিকিৎসা প্রদান করা হচ্ছে। এ ছাড়াও তিনি আরও জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরে প্রতিদিন জরায়ুর মুখে ক্যান্সার চিকিৎসায় ভায়া পরীক্ষা করা হচ্ছে। এখনও লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ক্যাম্পেইনটা সেভাবে করা হয়নি। রেজিস্ট্রেশন বেশী হলে ক্যাম্পেইন করা হবে। ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সবাইকে অনুরোধ জানান। তারাও প্রচারের ব্যবস্থা নিবেন।<br>সংস্কার বিষয়ে মেয়র, বিরামপুর পৌরসভা বলেন যে, সংস্কার বিষয়ে সার্বিক তথ্য দিলে মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ এঁর সাথে আলোচনা করে ব্যবস্থা নেয়া যেতে পারে। | | |
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। শীতের কারণে কিছু রোগ দেখা দিচ্ছে তবে চিকিৎসা প্রদান করায় তা স্বাভাবিক রয়েছে।<br>গত এক মাসে ১৮৭৩টি গবাদি প্রাণির এবং ৯৩২৬টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে ১০৮০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় । কৃত্রিম প্রজনন ৪২৩ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৬৮টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৬০০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ২১০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ১টি এবং ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। তিনি আরও জানান যে, চলতি মাসে গবাদি প্রাণি ও হাঁস-মুরগীর টিকা প্রাপ্তিঃ অক্টোবর ২০২৩ মাসে একসাথে ০৩ মাসের টিকা সরবরাহ পাওয়া গেছে। বর্তমান মাসে কোন টিকা পাওয়া যায়নি। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, লোড শেডিং হতে পারে ৩-৪ মেঃওয়াট। খুব সামান্য ঘাটতি। বিরামপুরের চাহিদা কত মেয়র, বিরামপুর পৌরসভা জানতে চাইলে তিনি জানান চাহিদা জেনে নিয়ে জানাবেন। উপজেলা পরিষদের পুকুরে পানি সেচের বিষয়ে তিনি নতুন সেচ নীতিমালা দেখে জানাবেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২টি প্রকল্পের ফ্যান ও উঁচু-নিচু বেঞ্চ আসছে। প্রাথমিক পর্যায়ে প্রাক্কলন অনুযায়ী সঠিক পাওয়া যায়নি। লিখিতভাবে তাদেরকে জানানো হয়েছে এবং ৭দিন সময় দেয়া হয়েছে। পণ্যের সংখ্যা বেশী হওয়ায় এগুলো সংরক্ষণ করতে হবে। পণ্য প্রাপ্তির পর সময় নির্ধারণ করে বিতরণ করতে হবে। উপজেলা পরিষদের বাসাবাড়ি মেরামতের জন্য যে প্রস্তাব প্রেরণ করা হয়েছিল তা অনুমোদিত হয়েছে।<br>এ পর্যায়ে Upazila Governance and Development Project (UGDP) এর Upazila Development Facilitator (UDF), বিরামপুর সভায় জানান যে, সবসময় ওয়েব পোর্টাল হালনাগাদ রাখতে হবে। ভবিষ্যতে UGDP প্রকল্পের মাধ্যমে মূল্যায়ন করে ADP-র বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ফ্যান ও উঁচু-নিচু বেঞ্চ প্রাপ্তির পর সময় নির্ধারণ করে বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | ওয়েব পোর্টাল হালনাগাদ রাখতে তাগিদ পত্র-১ দেয়া হয়েছে মর্মে উপজেলা নির্বাহী অফিসার জানিয়ে প্রয়োজনে সহকারী প্রোগ্রামারের সহযোগিতা নিয়ে হালনাগাদ করার জন্য পুনরায় অনুরোধ করেন। | ২. ওয়েব পোর্টাল হালনাগাদ রাখতে প্রয়োজনে সহকারী প্রোগ্রামারের সহযোগিতা নিয়ে হালনাগাদ করার জন্য পুনরায় অনুরোধ করেন। | |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, কৃষকগণ সেচ মৌসুম তাই বিদ্যুৎ সংযোগ নিচ্ছে। ট্রান্সফরমার চুরি হচ্ছে। কৃষকগণ তেমন শিক্ষিত নয় তাই সমস্যা হচ্ছে। এর ফলে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক সংযোগ দিতে হয়রানী করা হচ্ছে মর্মে তিনি অভিযোগ করেন। ২৫.০৫.১৯৮৯ তারিখের গেজেট অনুযায়ী উপজেলা সেচ কমিটির সদস্য-সচিবের দায়িত্ব প্রদানের জন্য তিনি অনুরোধ করেন।<br>এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, তাদের কার্যক্রম ভাল হলে বিষয়টি বিবেচনা করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সঠিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। তিনি আরও জানান যে, ৩টি গভীর নলকূপের ঘর ভেঙ্গে ফেলা হবে। ৩০টি সেচের আবেদনের তদন্ত চলছে। অবশিষ্টগুলো ৭ দিনের মধ্যে তদন্ত কার্যক্রম শেষ করবেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর এবং মেয়র, বিরামপুর পৌরসভা কর্তৃক জরুরীভিত্তিতে তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | নির্বাচনী দায়িত্বে নিয়োজিত থাকায় অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত থাকতে না পারায় বিরামপুর থানা সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, সরকারি নির্দেশনা মোতাবেক প্রচন্ড শীত এবং কুয়াশার কারণে ১০ ডিগ্রী সেলসিয়াসের কম তাপমাত্রা থাকলে একাডেমিক কার্যক্রম বন্ধ থাকবে। সেকারণে ভোর ৬.০০ টায় আবহাওয়া জেনে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে নির্দেশনা প্রদান করা হয়। আজ রোদ উঠেছে তাই ক্লাশ চলছে। শিক্ষার্থীরা তবুও স্কুলে আসে। স্কুল থেকে যেতে চায় না। পরিপত্র অনুযায়ী স্কুল না খুললে স্কুল চালাতে দেয়া হবে না। মোল্লাপাড়ায় কিন্ডার গার্ডেন স্কুল খুলেছে। নির্দেশনা মোতাবেক বেসরকরী প্রাথমিক বিদ্যালয় হিসেবে স্কুল খুলতে হবে। নতুন কোন নির্দেশনা পাওয়া যায়নি। শিক্ষকগণের বদলি বিষয়েও কোন নির্দেশনা পাওয়া যায়নি। উপজেলা নির্বাহী অফিসার দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচিত বিদ্যালয়গুলো কেন্দ্র হিসেবে ব্যবহার করতে দেয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, ২৩ ও ২৪ জানুয়ারি ২০২৪ তারিখ বন্ধ থাকায় ২৫ জানুয়ারি ২০২৪ তারিখে বই বিতরণ শেষ হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মৃত ভাতাভোগীদের স্থলে ভাতাভোগী প্রতিস্থাপনের জন্য তালিকা চাওয়া হয়েছে। শুধুমাত্র বিনাইল ও জোতবানী ইউনিয়ন হতে কার্যবিবরণীসহ তালিকা পাওয়া গেছে। অবশিষ্ট ৫টি ইউনিয়নের তালিকা জরুরীভিত্তিতে দাখিল করার জন্য সংশ্লিষ্ট ৫ জন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। তিনি প্রতিবন্ধীদের তালিকা আবারও যাচাই-বাছাই করার প্রস্তাব করেন। স্বচ্ছভাবে যাচাই-বাছাই করে প্রকৃত প্রতিবন্ধীরা যেন এ কার্ড পায় সে ব্যবস্থা নিতে হবে। প্রকৃত প্রতিবন্ধীরা যেন এ কার্ড পায় সে উদ্যোগ নিতে সুবর্ণ কার্ড যারা পাননি তাদের সুবর্ণ কার্ড | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | দ্রুত দেয়ার ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় উল্লেখ করেন। কার্ড দেয়ার আগেই যাচাই-বাছাই করতে হবে। অটিজম, ডাউন সিন্ড্রোম, বেশী ক্ষতিগ্রস্থ প্রতিবন্ধী কার্ড দিতে হবে। তিনি আরও জানান যে, রোগী কল্যাণ তহবিল থেকে অতি দরিদ্রদের জন্য ঔষধ দেয়া হবে মর্মে তিনি সভায় জানালে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ক্যালেন্ডার করার জন্য অনুরোধ করেন। | ২. রোগী কল্যাণ তহবিল থেকে অতি দরিদ্রদের জন্য ঔষধ দেয়ার লক্ষ্যে ক্যালেন্ডার করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করেন। | • |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষের সাথে সেচের লাইসেন্সের বিষয়ে তদন্ত কার্যে সহযোগিতা করছেন। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর নিয়ম মেনে তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করেন। উপজেলা সেচ কমিটির মাধ্যমে সকল সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মেও তিনি সভায় উল্লেখ করেন। ঋণ আদায়ের হার বৃদ্ধি পেয়ে ৯২% হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, VWB চাল বরাদ্দ আসেনি। মা ও শিশু সহায়তার আবেদনগুলো বার বার বলা স্বত্তেও সঠিক সময়ে করা হয় না। ফলে সার্ভার বন্ধ হয়ে যায়। নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করার জন্য তিনি পুনরায় অনুরোধ করেন। সঠিক সময়ে আবেদন না করার কারণে পূর্বের আবেদনগুলো অনুমোদন দিবে না। পৌরসভার ক্ষেত্রে প্রতিমাসে ১৩ জন করে আবেদন করতে পারবেন। ২৫ জানুয়ারি ২০২৪ তারিখে মুকুন্দপুর, বিনাইল ও জোতবানীর অনুমোদন দিয়েছে। VWB সঞ্চয়ের টাকা ব্যাংকে জমা হচ্ছে কি-না তা জানানো হচ্ছে না। নির্দেশনা মোতাবেক সঞ্চয় জমার স্লিপ প্রাপ্তি সাপেক্ষে চাল দিতে হবে। শুধুমাত্র জোতবানী ও পলিপ্রয়াগপুর জমা দিয়েছে। বাকীদের তিনি দ্রুত সঞ্চয় জমা দেয়ার এবং প্রতিমাসে সঞ্চয় জমা নিশ্চিত করতে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিথি সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর ফুলবাড়ি উপজেলায় দায়িত্ব পালনের লক্ষ্যে ফুলবাড়ি যাওয়ায় সভায় উপস্থিত হতে পারেননি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. লগইন করাসহ স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। | ১.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক চলতি মাস পর্যন্ত ১০টি প্রশিক্ষণ ব্যাচ সম্পন্ন করা হয়েছে। এছাড়াও দিনাজপুর জেলা কার্যালয়ের আওতায় প্রাতিষ্ঠানিক ট্রেডে ০৩ মাস মেয়াদি প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে মর্মে অবহিত করেন।<br>পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট =৩৭৬০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২৪৩৩৬০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২৩৮৮৮৪০/- টাকা এবং আদায় হার শতকরা ৯৮%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =৩০৩০৬৬০০/-টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২৬৪৫৪৫০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২৪১৫২৬২১/- টাকা এবং আদায় হার শতকরা ৯১%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, FWA পদ শূন্য হবে মার্চ ২০২৪ মাসে। এখন থেকে এ পদটিতে মাস্টাররোলে নিয়োগ দিতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। মুজিব বর্ষ উপলক্ষ্যে ৩০টি টিউবওয়েল পাওয়া গেছে। সয়েল টেস্ট চলছে। স্যানিটেশনের টিউবওয়েল পাওয়া যায়নি। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশব্লকের কাজ চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম পর্যায়ের কাজ শেষ। ২য় পর্যায়ের কাজ চলমান। অনুমোদন শীঘ্রই পাওয়া যাবে। বিনাইল ইউনিয়নে চাপড়া ও অচিন্ত্যপুরের রাস্তার কাজ চলছে। মেয়র, বিরামপুর পৌরসভা রানীনগর আশ্রয়ন প্রকল্পের আওতায় একক গৃহে উঁচু করার জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান যে, বীর নিবাসের কাজ বরাদ্দ না থাকায় বন্ধ ছিল। শীঘ্রই বরাদ্দ পাওয়া যাবে। চাহিদার তুলনায় কম্বল কম। দ্রুত কম্বলের বরাদ্দ আনার চেষ্টা করছেন। আরও কম্বল আনার উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ করেন। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের প্রশ্নের জবাবে জানান যে, VGDP-র বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পেলেই বিতরণের উদ্যোগ নিবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। নভেম্বর ও ডিসেম্বর ২০২৪ পর্যন্ত শুমারী চলবে। এখন প্রাথমিক পর্যায়ে কাজ চলছে। আদম শুমারী যারা করেছেন তাদের মধ্য থেকে মূল্যায়নের ভিত্তিতে গণনাকারী নির্বাচন করার নির্দেশনা রয়েছে। অভিজ্ঞদের কাজে লাগাতে হবে। উপজেলা নির্বাহী অফিসার মনোযোগ দিয়ে কাজ করার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। আশ্রয়ন প্রকল্পে রেজিস্ট্রেশনের কাজে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় নির্বাচন কমিশনের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরও জানান যে, নতুন ভোটারদের তথ্য প্রকাশ করা হয়েছে। তথ্যে কোন ভুল থাকলে এক মাসের মধ্যে সংশোধন করা যাবে কোন চার্জ লাগবে না। ৯টি জেলায় স্মার্ট কার্ড দেয়া হয়নি। তিনি নির্বাচন কমিশনের সাথে আলোচনা করে বিরামপুর উপজেলার স্মার্ট কার্ড নিয়ে এসেছেন। স্মার্ট কার্ড বিতরণের সময়সূচী মেয়র, বিরামপুর পৌরসভাসহ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে পত্র মারফত জানিয়েছেন। ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন পরিষদ হতে স্মার্ট কার্ড বিতরণ করা হবে মর্মে তিনি অবহিত করেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। স্মার্ট কার্ড গ্রহণের সময় পুরাতন কার্ড অবশ্যই সাথে আনতে হবে। এ বিষয়ে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাসহ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করেন। স্মার্ট কার্ড নিতে কোন টাকা লাগবে না এটিও প্রচার করার জন্য অনুরোধ করেন। এ ছাড়াও কেউ বাদ পড়লে উপজেলা নির্বাচন অফিস থেকে পরে স্মার্ট কার্ড সংগ্রহ করতে পারবে মর্মে তিনি সভায় অবহিত করেন। সময়সূচী অনুযায়ী স্মার্ট কার্ড মুকুন্দপুর ইউনিয়ন থেকে শুরু হয়ে পৌরসভায় বিতরণ শেষ হবে। কাটলা ইউনিয়নে পরিবর্তিত সময়সূচী অনুযায়ী স্মাট কার্ড বিতরণ করা হবে। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর স্মার্ট কার্ড সুষ্ঠু ও সুন্দরভাবে বিতরণের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. স্মার্ট কার্ড বিতরণের সময়সূচী ও বিতরণের স্থান উল্লেখ করে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভাসহ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের প্রশিক্ষণ কার্যক্রম চলছে। ১৮তম ব্যাচে ৫৪১ জনকে প্রশিক্ষণ দিয়েছেন মর্মে সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায়ের হার ৯৮%। তিনি আরও জানান যে, তার দপ্তরে ১৩ জন স্টাফ রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উঠান বৈঠক চলমান রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>২. তিনি সভায় উল্লেখ করেন যে, ১৫ নভেম্বর ২০২৩ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের স্ট্রিয়ারিং কমিটির ১২ তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার এবং স্থানীয় সরকার বিভাগের MIS-এ তথ্য হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। যার প্রক্ষিতে গত ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখে স্থানীয় সরকার বিভাগের যুগ্মসচিব স্বাক্ষরিত ৪৬.০০.০০০০.০৪৫.১৪.০০৯.২৩-১০৭৯ নং স্মারকে একটি পত্র প্রদান করা হয়েছে। উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে অন্যান্য তথ্যসহ নিম্নবর্ণিত তথ্যসমূহ হালনাগাদ থাকতে হবেঃ<br>১) উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী<br>২) ১৭ টি উপজেলা কমিটির সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী<br>৩) অর্থ বছরের বার্ষিক অনুমোদিত বাজেট<br>৪) অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা<br>৫) পঞ্চবার্ষিকী পরিকল্পনা<br>৬) অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (ADP) প্রতিবেদন<br>৭) বার্ষিক আয় ব্যয় বিবরণী<br>এই বিষয়ে ইউডিএফ-দের গত ১৩-১৪ জানুয়ারী'২৪ অনুষ্ঠিত ওয়ার্কশপ এ স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব ও প্রকল্পের পরিচালক এবং যুগ্মসচিব মহোদয় বলেছেন 'আমাদের মাননীয় প্রধানমন্ত্রীর লক্ষ্য অনুযায়ী স্মার্ট বাংলাদেশ গড়তে ওয়েব পোর্টালের ভুমিকা অপরিসীম। এই বিষয়ে আমাদের প্রত্যককে এগিয়ে আসতে হবে।' বিষয়টি উপজেলা পরিষদকে পুনরায় স্মরণ করিয়ে দিতে অনুরোধ করেন।<br>৩. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) ষষ্ঠ পর্যায়ে (২০২১-২২) অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের দুইটি প্রকল্পের মধ্যে ১ নং প্রকল্পটি হলো বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ বিতরণ, ২নং প্রকল্পটি হলো বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যান বিতরণ। দুটি প্রকল্পেরই ওয়ার্ক অর্ডার দেয়া হয়েছে। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের স্বাক্ষরিত অনুমোদন পত্রের অনুসরণীয় শর্তাবলী মোতাবেক আগামী ফেব্রুয়ারী ২০২৪ মাসের মধ্যে কাজ সমাপ্ত করে বিল ভাউচার প্রকল্প অফিসের প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৪. উপজেলা পরিষদের গঠনতন্ত্র অনুসারে উপজেলার ১৭টি কমিটির দ্বিমাসিক সভার বাধ্যবাধকতা রয়েছে। তাই পরিষদের ১৭টি উপজেলা কমিটির সভার নোটিশ, হাজিরা ও রেজুলেশন নিয়মিতভাবে উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য ১ সেট সভার নোটিশ, হাজিরা ও রেজুলেশনউপজেলা প্রশাসনের প্রশাসনিক কর্মকর্তার নিকট জমা করতে হবে। তিনি আপলোড করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বর্ণিত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. ফেব্রুয়ারী ২০২৪ এর মধ্যে কাজ সমাপ্ত করে বিল ভাউচার প্রকল্প অফিসের প্রধান কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. নির্ধারিত সময়ের মধ্যে ওয়েব পোর্টাল আপডেট রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর<br>২. স্ব স্ব দপ্ত প্রধান, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সদস্য-সচিব, ১৭টি উপজেলা কমিটি।<br>৩. উপজেলা প্রকৌশলী, বিরামপুর।<br>৪. উপজেলা প্রকৌশলী, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৪ খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫ মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৬ কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৭ খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, রতনপুর ও খানপুরের দরিদ্র কৃষকগণ জানতে চান সেচের প্রকৃত রেট কত? এটি তাদের জানাতে হবে। তিনি আরও জানান যে, রতনপুর উচ্চ বিদ্যালয়ের ঘরগুলো প্রায় দেড় দুই মাস ধরে অপরিচ্ছন্ন। মুরগীর ঘর থাকার কারণে অবস্থা খুব খারাপ।<br>সহকারী প্রকৌশলী, বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ জানান যে, গত বছর একর প্রতি ৩৬০০/- টাকা নির্ধারণ করা হয়েছিল। চেয়ারম্যান, খানপুর জানান তারা ৪,২০০/- টাকা করে নিচ্ছেন। বিনাইল ইউনিয়নে ৩,৩০০/- টাকা করে নেয়া হচ্ছে মর্মে চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ জানান। অভিযোগ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে উপজেলা নির্বাহী অফিসার আশ্বস্ত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে পরিদর্শন করে প্রতিবেদন দেয়ারজন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮ দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯ বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০ জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১ পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বাংলাদেশ কৃষি প্রধান দেশ। তাই কৃষি সমস্যার দিকে দৃষ্টি দিতে হবে এবং কৃষির সকল সমস্যার সমাধান করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২ সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩ মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৪ ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | -- | -- |
| আলোচনাঃ ৪৫ ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানান। | -- | -- |



ASMA - Bibith

৪৭. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**ডিসেম্বর/২০২৩ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা, বাসা ভাড়া এবং ডিসেম্বর/২৩ মাসের ভ্রমণ ভাতা প্রদান। | =৫৩,১২৫/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২৩ মাসের সম্মানী ভাতা এবং ডিসেম্বর/২৩ মাসের প্রদান। (৩৩,৫০০+৩৩,৫০০=৬৭,০০০/-) | =৬৭,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর ডিসেম্বর/২৩ মাসের ২৯ দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান (১৫,৯৫০+১৫,৯৫০=৩১,৯০০/-) | =৩১,৯০০/- |
| ০৪ | ডিসেম্বর/২০২৩ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | ডিসেম্বর/২০২৩ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে ডিসেম্বর/২০২৩ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৭ | ডিসেম্বর/২০২৩ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =২৮,০৯০/- |
| ০৮ | জোড়াবাড়ির অক্টোবর হতে ডিসেম্বর/২৩ পর্যন্ত ৩ মাসের ভাড়া প্রদান | =১২,০০০/- |
| ০৯ | প্রোপাইটার/শর্মিলী ফিলিং স্টেশনকে উপজেলা পরিসদের গাড়ির জ্বালানী বাবদ অক্টোবর হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত ৩ মাসের বিল এবং ৫% ভ্যাট প্রদান | =৭৫,১২০/-<br>=৩,৯৫৪/- |
| ০৮ | জনাব মোঃ মকলেছার রহমান, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিককে জাতীয় শোক দিবস ২০২৩ এবং মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন ব্যয় বাবদ এবং ৭.৫% ভ্যাট ও ৩% আয়কর প্রদান | =৮৯,৫০০/-<br>=৭,৫০০/-<br>=৩,০০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর বছরের প্রথম সভা প্রাণবন্ত এবং সফলভাবে সম্পন্ন হওয়ায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানান।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/১/২৪

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.১৪৭/১(৪৮) তারিখঃ ১৩.০১.২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।

০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।

০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।

০৭. জনাব ........................................................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর।

০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৯. উপজেলা..........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।

১০. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।

১১. জনাব ............................................................... মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১৩/০১/২৪

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd